

বনিক বাত্রা

শনিবার, জানুয়ারি ২৪, ২০২৬ • মাঘ ১০, ১৪৩৩



এনএসইউ শিক্ষার্থীদের জন্য চীনের তিয়ানজিন বিশ্ববিদ্যালয়ে পাঁচ স্কলারশিপ

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) শিক্ষার্থীদের জন্য চীনের তিয়ানজিন বিশ্ববিদ্যালয় পাঁচটি ফুল ফান্ডেড স্কলারশিপ ঘোষণা করেছে। এর মধ্যে চারটি পিএইচডি এবং একটি মাস্টার্স স্কলারশিপ। এনএসইউ এবং তিয়ানজিন বিশ্ববিদ্যালয়ের উচ্চপর্যায়ের একটি বৈঠকে সম্প্রতি এ ঘোষণা দেয়া হয়। বৈঠকে তিয়ানজিন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে ছিলেন স্কুল অব এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ভাইস ডিন অধ্যাপক সান পেইবো, স্কুল অব ইন্টারন্যাশনাল এডুকেশনের ভাইস ডিন লিউ ওয়েনওয়ে এবং প্রোগ্রাম কো-অর্ডিনেটর চেন ইউ। সভায় সভাপতিত্ব করেন এনএসইউর উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাম্মান চৌধুরী।